

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
শাখা-৩
প্রজ্ঞাপন

তারিখ, ০৫ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ/২০ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

নং ২৫.০০.০০০০.০৩২.১৪.০০৯.১৫(অংশ-৫)/৯৯—যেহেতু রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, অতঃপর রাজউক বলিয়া উল্লিখিত, এর আওতাধীন এলাকার জন্য নতুন Master Plan (মাস্টার প্ল্যান)/ডিটেইন্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) প্রস্তুত করা প্রয়োজন ও সমীচীন;

যেহেতু Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), এর section 73 এর sub-section (2) এর শর্তাদি পূরণ করিয়া রাজউক উক্ত এলাকার খসড়া Master Plan (মাস্টার প্ল্যান)/ডিটেইন্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) প্রস্তুত করিয়া সরকারের নিকট ১৫ জুলাই, ২০২০ তারিখে দাখিল করিয়াছে;

সেহেতু সরকার উক্ত section এর sub-section (3)-তে প্রদত্ত ক্ষমতাবলে নতুন প্রস্তাবিত খসড়া Master Plan (মাস্টার প্ল্যান)/ডিটেইন্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এতদ্বারা প্রকাশ করিলো। প্রণীত খসড়া ডিটেইন্ড এরিয়া প্ল্যান এর বিষয়ে জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে আগামী ০৬ সেপ্টেম্বর, ২০২০ তারিখ হইতে ০৪ নভেম্বর, ২০২০ তারিখ পর্যন্ত ৬০ (ষাট) দিনব্যাপী গণশুনানীর কার্যক্রম চলমান থাকিবে। এতদসংক্রান্ত জিআইএস বেইসড ম্যাপ রাজউক এর ওয়েবপোর্টালে (বিস্তারিত লিংক-www.rajuk.gov.bd) সংরক্ষিত রহিয়াছে। এছাড়া গণশুনানী চলাকালীন সময়ে রাজউক এর মূল ভবনের অডিটোরিয়ামে এবং জোনাল অফিসসমূহে ম্যাপ প্রদর্শনের জন্য সংরক্ষিত থাকিবে।

(৮৪৯৭)

মূল্য : টাকা ৪.০০

প্রস্তাবিত খসড়া Master Plan (মাস্টার প্ল্যান)/ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) বা উহার কোনো অংশ বিশেষ এর উপর কোনো ক্ষতিগ্রস্ত অথবা অন্য কোনো ব্যক্তির আপত্তি থাকিলে তাহাকে অত্র প্রজ্ঞাপন-এ নির্ধারিত গণশুনানীর ৬০ (ষাট) দিনের মধ্যে প্রকল্প পরিচালক, প্রিপারেশন অব ডিটেইল্ড এরিয়া প্ল্যান (২০১৬—২০৩৫) ফর ডিএমডিপি এরিয়া, রাজউক এনেক্স ভবন (৬ষ্ঠ তলা), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা-১০০০ বরাবরে অথবা ই-মেইল-pddap@rajuk.gov.bd এ তাহার আপত্তি বা সুপারিশ দাখিল করার জন্য অনুরোধ করা যাইতেছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ বরকাতুর রহমান

সিনিয়র সহকারী প্রধান।